



পশ্চিমবঙ্গ সরকার  
জেলা শাসকের কার্যালয় ও জেলা শাসকের করণ  
সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা দপ্তর  
ফোন নং-০৩২২২-২৭৪২৬৯

জেলাশাসক পশ্চিম মেদিনীপুরের পক্ষ থেকে আগ্রহী ও উদ্যোগী স্বনির্ভরগোষ্ঠী কারিগর, ক্ষুদ্র ব্যবসায়ী বা হস্তশিল্পীদের কাছ থেকে কেশপুর ব্লকের গোলার গ্রাম পঞ্চায়েতে নির্মিত নেড়াডেউল কর্মতীর্থ প্রকল্পের স্টল উক্ত ব্যবসায়িক উদ্দেশ্যে লিজ দেবার জন্য নিম্নে প্রদত্ত প্রোফর্মায় দরখাস্ত আহ্বান করা হচ্ছে। স্টলের সংখ্যা:-২৯

### শর্তাবলী

- ১) আবেদনকারীকে কেশপুর ব্লকের বাসিন্দা হতে হবে।
- ২) স্টল বন্টনে সমযোগ্যতা সম্পন্নদের মধ্যে কর্মতীর্থের এলাকার স্থানীয়/নিকটবর্তী আবেদনকারীদের অগ্রাধিকার দেওয়া হতে পারে।
- ৩) আবেদনকারীকে স্বনির্ভরগোষ্ঠীর বেকার যুবক যুবতী বা কারিগর বা হস্তশিল্পী হতে হবে।
- ৪) যারা ইতিমধ্যে ব্যবসা বা উদ্যোগের সঙ্গে যুক্ত আছেন স্টল বন্টনের ক্ষেত্রে তাদের অগ্রাধিকার দেওয়া হতে পারে।
- ৫) কর্মতীর্থ পরিচালনা নিয়মাবলী ২০১৪ অনুসারে ২৫% স্টল মহিলা উদ্যোগীদের জন্য ২৫% সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য ও ১০% তফসিলি জাতি উপজাতির জন্য সংরক্ষিত।
- ৬) আবেদনকারীকে কতৃপক্ষের সহিত একটি লিজ চুক্তি সম্পাদন করতে হবে।
- ৭) লিজের মেয়াদ: ৩ বছর ঠিক মতো চালালে লিজ পুনর্নবীকরণ করা হবে।
- ৮) স্টল বন্টনের (এক) মাসের মধ্যে স্টলের ব্যবহার শুরু না করলে লিজ বাতিল বলে গন্য হবে।
- ৯) স্টল গ্রহীতা স্টল অন্য কারোর কাছে হস্তান্তর করতে বা বিক্রি, সাব লিজ, ভাড়া দিতে পারবেন না।
- ১০) আবেদন পত্র ০৭.১০.২০২০ তারিখ থেকে ১৫.১০.২০২০ তারিখ পর্যন্ত সমষ্টি উন্নয়ন আধিকারিক কেশপুরে অফিসে সকাল ১১.০০ টা থেকে বেলা ৩.০০ টের মধ্যে জমা দেওয়া যাবে। এছাড়াও পশ্চিম মেদিনীপুর জেলাশাসকের ওয়েব পেজ: [www.paschimmedinipur.gov.in](http://www.paschimmedinipur.gov.in) থেকে অনলাইন এ আবেদন করা যাবে।

*(স্বাক্ষর)*

১১) আবেদন পত্রের সাথে জমা দিতে হবে-

- ক) বসবাসের প্রমাণপত্র (ভোটার কার্ড)
- খ) শিল্পী/ব্যবসায়ী/কারিগর হবার প্রমাণপত্র
- গ) পারিবারিক আয়ের প্রমাণপত্র
- ঘ) তফসিলি জাতি উপজাতির সংসাপত্র
- ঙ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতার প্রমাণপত্র

প্রদত্ত

অতিরিক্ত জেলাশাসক (পঞ্চায়েত)  
পশ্চিম মেদিনীপুর

পত্রাঙ্ক নং ৩৫৬ (৭)/সংখ্যালঘু  
অনুলিপি অবহিতের জন্য প্রেরিত হইল:-

তারিখ ২৯/০৯/২০২০

- ১) পি.ডি.ডি.আর.ডি.সি., পশ্চিম মেদিনীপুর।
- ২) জেলা স্বনির্ভর গোষ্ঠীর আধিকারিক, পশ্চিম মেদিনীপুর।
- ৩) জেলা পরিচালক, তফসিলি জাতি উপজাতি, অর্থ নিগম, পশ্চিম মেদিনীপুর।
- ৪) সমষ্টি উন্নয়ন আধিকারিক, কেশপুর, পশ্চিম মেদিনীপুর।
- ৫) জি.এম.ডি.আস.সি., পশ্চিম মেদিনীপুর।
- ৬) সি.এ. এর প্রতি জেলাশাসক, পশ্চিম মেদিনীপুর
- ৭) নোটিস বোর্ড, জেলা সংখ্যালঘু দপ্তর, পশ্চিম মেদিনীপুর

প্রদত্ত

অতিরিক্ত জেলাশাসক (পঞ্চায়েত)  
পশ্চিম মেদিনীপুর